সাঁওতালী গানের নমুনা।

(বঙ্গানুবাদ)

(১)

কোন অধিকতর প্রবল জাতি যখন নিরীহ খেরওয়াল্ (সাঁওতাল) জাতির উপর অনবরত অন্যায় আক্রমণ করিতে লাগিল তখন কোন এক নিষ্ঠাবান্ খেরওয়াল্ জাতি হতাশ ভ্রাতৃবর্গের প্রাণে আশার সঞ্চার করিবার জন্য নিম্নলিখিত গান রচনা করিয়া সকলের সম্মুখে গাহিয়াছিলেন। গানটী সর্ব্বাংশে না হইলেও অনেকাংশে পুরাতন গানের সদৃশ। ভাবের দিক দিয়া পুরাতন গানের চেয়ে এই গানটী অনেকাংশে হীন।

প্রবাদ আছে যে এই গানটীর দ্বারা এই খেরওয়াল জাতি এরূপ যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিল যে তাহাদের তীরদ্বারা সূর্য্যদেব পর্য্যন্ত আবৃত হইয়া গিয়াছিল। এই সময় এই খেরওয়াল জাতিরা নিজেদের মধ্যে হানাহানি কাটাকাটি করিতেছিল।

গীত (১)

বেরেৎ বেরেৎ বয়হা বেরেৎ পেসেরে
আবরিন্ বাইরিকো নাড়ি উতার দো
আবরিন্ হিরম্ককো আড়ি মারাংদো।
বুধতেবন্ খাটকেদো
রেজেৎ বন্কো লাঃজ্ দাকাদো
তিন্ দিন্ লাম্টা কাতে
নওয়া ধার্ত্তিরে ভুঞ্জাঃ আবন্ দুঃখদো।

যাপিৎ কাতে দো বয়হা লালোপে তাহেন্ সে
লাঠা আকান মেৎ বয়হা আব ফার্চ্চায় পে।
.....চেতান দিসম্ হুড়্ হুড়াঃউকান্
লাতার দিসম্ দুল্ দুলাঃউকান

হড়ম জিত্তি আলায়্ আকাৎ হবর ধন্‌কো রেজেঃৎবন্
তি রাপুদঃ জাঙ্গা খাণ্ডিজঃ লওয়া ধনবন্ দুঃগ্‌তাবন্।
আবন্ ভিত্‌রিরেদো বয়হা আলোপে এনেগের।
কাটাঃজ্ চুলুং সীমা দায়তে আলোপে তপাগ্ হটঃশীর্
মিঃৎ মনেতে মিঃৎ জিত্তিতে
মনে মনেবন্ মিলাওকাতে
ফার্চ্চা সেমমা লেকা বয়হা
জানুম্ যতবন্ অচগা।

Literary meaning of the Song :

জাগ জাগ ভাই জাগ। আমাদের শত্রু প্রবল পরাক্রান্ত ও সংখ্যায় অনেক সন্দেহ নাই। আমরা জ্ঞানে কম। এই অবস্থায় আমাদের পেটের অন্ন কাড়িয়া লওয়া হইতেছে। আর আমরা এই উলঙ্গ অবস্থায় কতদিন এই জগতে জীবন যাপন করিব। আর ঘুমাইও না। যে চক্ষু ঘুমের টানে বুজিয়া গিয়াছে তাহা ঠাণ্ডা জলের দ্বারা পরিষ্কার করিয়া লও। শোন! উত্তর দিকে ভীষণ কোলাহল এবং তার প্রতিধ্বনিতে পাতালভূমি গুড়্ গুড়্ শব্দে ধ্বনিত হইতেছে। যে ধন প্রাণ, শরীরের প্রতি অনাদর প্রদর্শন করিয়া ও স্ববল ক্ষয় করিয়া অর্জ্জন করিয়াছি, সেই ধন আজ পরহস্তগত হইতেছে। পা ফাটুক হাত ভাঙ্গুক তাতে ক্ষতি নাই; যে কোন রকমে আমাদের স্বার্জ্জিত ধন উদ্ধার করিতে হইবে। আমাদের ঘরে ঘরে বিবাদ

করিও না ; সামান্য সীমা নিয়ে হানাহানি কাটাকাটি করিও না। আমরা প্রত্যেকে মনে মনে ও পরাণে পরাণে এক হইয়া মেঘশূন্য আকাশের ন্যায় সমস্ত কাঁটা নির্ম্মূল করি।

(২)

প্রাচীনকালে খেরওয়াল্ জাতি খুব ধনী ছিল। সে সময় তাদের ধর্ম্মের দিকে নজর পড়ে। কোথায় ও কাকে ভজন করিলে মনে অনাবিল শান্তি পাওয়া যাইবে, এইরূপ মনে মনে দিনের পর দিন আন্দোলন করিয়াও যখন কোন ঠিক করিতে পারিল না ; তখন তাহদের মধ্যে কতকজন ধর্ম্মের সন্ধানে বাহির হইল। এইরূপে তাহারা চীনদেশ পর্য্যন্ত হাঁটিয়া গিয়াছিল এবং সেখান থেকে কাল্পনিক হউক বা প্রকৃতই হউক ঈশ্বরকে পাইয়া ফিরিয়া আসিল।

গীত (২)

ধরম পিছাকো চালাওলেন্ আড়ি সেদায় রে
উন্‌রেকো ভেয়াঁড়লেৎ নওয়া সেরেঞ দো
আচুরে বিহুরে সেঙ্গেলে তিতিদৌ
বেড়াদয়্ হাসুরেন্ মনা দাঃরে।
দাঁড়া দাঁড়াতে জাঙ্গা লাঙ্গায়েন্
বজ্‌কা গুগুতে দেয়া হামাঁলেন্
জিরাঃও লগিঃৎ দো বয়হা ঠাও বন্ ঞেল সে।
পেটের বাড়ে লাতার্‌রে কাথাদো পেটেরেন্
খদে মাতকম্ লাতাররে কাথাদো খদেয়েন
ধরম্ করম্ দো চেঃৎ চং আবন্ তিরে।
লাবাড় আত্‌নাঃ লাতার্‌রে কাথা লাবাড়েন্
সারি সার্জ্জম্ লাতার্‌রে কাথা সারিয়েন্।

রড়পে লাঁদ্‌পে নগুেগে ধরম্‌দো

এনেংপে সেরেঞ্‌পে নওয়াগে (বঙ্গা) থান্‌দো ।

Literary meaning of the Song :

বহুদিন আগে ধর্ম্মানুসন্ধানে যখন খেরওয়াল জাতি বাহির হইয়াছিল তখন এই গানটী রচনা করা হয়।

"চীনা মুরগীর ঘুরা ফিরা দেখ্‌তে অতি চমৎকার ; তা দেখ্‌তে দেখ্‌তে বেলা মানস সরোবরে ডুবে গেল। হায় বোঝার চাপে পিঠে ব্যথা হলো। হেঁটে হেঁটে পা ধরলো। মোদের ধর্ম্ম-তৃষ্ণা মিটলো না। বাঁকা বটগাছ তলার কথা বাঁকা হয়ে গেল। ছোট মহুল-গাছ তলার কথা ছোট গোছের হলো। এতৎকারণে জানা যায় ধর্ম্ম কর্ম্ম হাতেই গড়া। আরও কিছুদূর আগিয়ে গেল। হেলান সোজা আসল গাছ দেখতে পেয়ে ধর্ম্মের সিদ্ধান্ত করবার জন্য সে গাছের তলায় গেল কিন্তু কিছু ঠিক করতে পারলো না। গাছের আকারের সদৃশ মতগুলিও সোজা অথচ হেলান ভাবের হয়েছিল।

সকলের শেষে সরল শালগাছের তলায় গেল। সেখানে ঈশ্বরের অনুগ্রহেই হউক বা অন্য কোন আত্মার জোরেই হউক, তাহাদের মন সরল হলো আর সকলেই মত দিলো যে এই জায়গাতেই আমাদের ঈশ্বরকে পূজা করিবার উপযুক্ত স্থান। এসো এখানে সকলে মিলে গান করি, আমোদ করি ও নাচি।"

(৩)

প্রাচীনকালের খেরওয়াল্‌ জাতির অবস্থা এই গানে ছায়াপাত হইয়াছে।

গীত (৩)

হাঁসদার ককো হুয়েন মারাং কড়াখন্‌।

অনাতেকো এ্যাম লেংৎ মারাং ভাগদো ॥

কিস্কুককো হুরেন রাপাজ্ তালে দো।
মার্ন্তি কোআ ধন দো আড়ি উতার দো ॥
মুর্ম্মুকদো ঠাকুর তালে টুডু কদো রুসিকা।
এনেঃজ আকো বেশ্রাকো দপং ঝিকা ॥
হেম্ব্রম্ কদো গড়েৎক তাঁহেকান সরেন্ কদো সীপাহী।
আড়ি ঝুঁকলে তাঁহেকান আড়ি জুর মিহী ॥
আর হঁকো তাঁহেকান মড়ে জাত্ দো।
চেৎ ককো কামিলেৎ কালে বাড়ায় দো ॥

Literary meaning of the Song :

আদি পুরুষ ও আদি স্ত্রীর বড় ছেলের হাঁসদাঃ পদিত্ তদনুসারে হাঁসদাঃ পদিত্ লোকেরা ধনের বড়ভাগ পেয়েছিল (That is the Hansdas have got the largest portion of wealth the others, who are not mentioned here.)

কিস্কুরা তাহাদের রাজা ছিল ও মার্ণ্ডিরা সর্ব্বশ্রেষ্ঠ ধনী ছিল। মুর্ম্মুরা ঠাকুর is Brahmin. টুড়ুরা বাজনা-বাদক ; বেশ্রারা নর্ত্তক ও গায়ক ছিল ; হেম্ব্রম্রা যে কোন সভাতে বা শিকারে সকলকে ডাক দিত is like modern chaukidar. সরেনরা সৈনিক ছিল (যুদ্ধ ও দাঙ্গা করিত) আর পাঁচ পদিত্ লোকেরা কি করিত সঠিক জানা যায় নাই।

দেবনা থহাঁসদাঃ
দ্বিতীয় বার্ষিক শ্রেণী, ই।